শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

যিশাইয় ভবিষ্যৎ দেখেন



লেখক: Edward Hughes
চিত্রাংকন: Jonathan Hay
Alastair Paterson
অভিযোজন: Mary-Anne S.
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2022 Bible for Children, Inc.
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

যিশাইয় একজন ভাববাদী ছিলেন। তার কাজ ছিল ঈশ্বরের কথা লোকদের বলা।



লোকেরা সবসময় ঈশ্বরের কথা শুনতে পছন্দ করত না, কিন্তু যিশাইয় কোনও দিন ঈশ্বরকে নিচু করেননি। যিশাইয় চারজন রাজার রাজত্বের সময় প্রচার করেছিলেন।



জেরুশালেমের শহর থেকে রাজা উষিয় যিহূদা রাজ্য শাসন করতে লাগল। প্রথমত ঈশ্বর উষিয়কে আশীর্বাদ করেছিলেন, কারণ ঈশ্বরের দৃষ্টিতে যা ঠিক, তিনি তাই করেছিলেন। কিন্তু উষিয় অহমিকায় ভরে গিয়েছিল ও ঈশ্বরের বাধ্য ছিল না। তিনি কুষ্ঠ রোগে আক্রান্ত হয়েছিলেন ও মৃত্যু পর্যন্ত একলা ছিলেন।

রাজা উষিয় প্রায় ৬০ বছরের বেশি রাজত্ব করেছিলেন। ওনার মারা যাবার পর তার পুত্র যোথম তার জায়গা নিয়েছিলেন ও ১৭ বছর রাজত্ব করেছিলেন। ঈশ্বর যোথমকে আশীর্বাদ করেছিলেন, কারণ যিশাইয় ও অন্য ভাববাদীদের মাধ্যমে ঈশ্বর যা বলেছিলেন, তিনি তাই শুনেছিলেন।

রাজা যোথমের ছেলে হল আহস। তার যখন বাইশ বছর, তখন তিনি রাজত্ব চালাতে শুরু করেন ও ষোল বছর জেরুশালেমে রাজত্ব করেন। আহস ঈশ্বরের তোয়াক্কা করত না সে প্রতিমা ও মিথ্যা দেবতার উপাসনা করত ও ঈশ্বরের লোকদের এই করতে পরিচালিত করত। যদিও যিশাইয় সাবধান করেছিলেন, কিন্তু আহস ঈশ্বরের সতর্কতা গ্রাহ্য করেনি। সে পঁয়ত্রিশ বছর বয়সে মারা গেছিল।



ঈশ্বর পরের রাজাকে হিষ্কিয়কে আশীর্বাদ করেছিলেন, কারণ তিনি সমস্ত মিথ্যা দেবতা ও প্রতিমাদের বার করে দিয়েছিলেন ও সত্য ঈশ্বরের কাছে প্রার্থনা করেছিলেন। যখন এক শত্রুদল যিহূদা আক্রমণ করল, হিষ্কিয় জানত যে, তার সৈন্যদল জেতবার জন্য খুবই দুর্বল। সাহায্যের জন্য তিনি যিশাইয়কে প্রার্থনা করতে বললেন।

যিশাইয় রাজার কাছে এক বার্তা পাঠালেন, “ঈশ্বর বলেন, এই শত্রুদের দেখে ভয় পেও না ... আমি তাদের পতন ঘটাব”। এর পরে শত্রুর সৈন্যরা হিষ্কিয়র সাথে লড়াই না করে পালিয়ে গেল।



যদিও তার চারপাশের লোকজন খুব একটা ঈশ্বরের কথা ভাবত না, কিন্তু যিশাইয় প্রভুর বিষয়ে ভাবতেন।



একদিন তিনি এক দর্শন দেখলেন, এটা এরকম এক স্বপ্ন যখন তুমি ঘুমাও না। তিনি তার দর্শনে দেখলেন, ঈশ্বর কত মহিমাময় ও পবিত্র।

দর্শনে ঈশ্বর তাকে বললেন, "আমি কাকে পাঠাব?" যিশাইয় উত্তর দিল, "এখানে আমি, আমাকে পাঠাও"। ঈশ্বর যা চান, তিনি তাই করতে ইচ্ছুক ছিলেন ও ঈশ্বর যেখানে যেতে বলবেন, সেখানেই তিনি যাবেন।

হয়তো যিশাইয় ভাবছিলেন যে, ঈশ্বর তাকে সেখানে পাঠাবেন, যেখানকার লোকেরা ঈশ্বরের কথা শোনেনি। না, ঈশ্বর তাই করেননি। ঈশ্বর যিশাইয়কে তার নিজের দেশে, নিজের লোকদের সাথে কথা বলতে বললেন। তিনি তাদের বলেছিলেন যে, ঈশ্বর তোমাদের পাপের জন্য ক্রুদ্ধ হয়েছেন।

সেখানে অনেক অন্য বিষয়ও যিশাইয়কে তার লোকদের বলতে হয়েছিল। এক আশ্চর্যজনক ব্যক্তির বিষয়ে, যিনি শক্তিশালী পরিত্রাতা এবং যিনি তাদের পাপ ও শত্রু থেকে উদ্ধার করবেন।



ইহুদি লোকেরা এই ব্যক্তিকে বলত, “মশীহ”। যদিও তারা আশা করেছিল, ঈশ্বর মশীহকে পাঠাবেন, অনেক লোক ভেবেছিল তিনি হয়তো আসবেন না।



মশীহের বিষয়
যে সমস্ত কথা
যিশাইয় বলেছেন,
তা তাঁর বইতে
লেখা আছে।
যদি এই ঘটনা
ঘটার কয়েকশো
বছর আগে তা
লিখেছিলেন।
মশীহ সম্বন্ধে
যিশাইয় যা
বলেছিলেন, তা
সত্য হতে
চলেছিল।

যিশাইয় বলেছিলেন যে,
ঈশ্বর এক চিহ্ন দেবেন।
তিনি বললেন,



“দেখ একজন কুমারী এক
পুত্র প্রসব করবেন ও তার
নাম রাখা হবে ইম্মানূয়েল”।
লোকেরা জানত যে,
যিশাইয় ঈশ্বরের

মশীহর ব্যাপারে কথা
বলছেন। কারণ একজন
কুমারী কোনও দিন সন্তান
প্রসব করতে পারে না, আর
ইম্মানূয়েল মানে হল
আমাদের সাথে ঈশ্বর।



"আমাদের জন্য একটি শিশু জন্মাবে, আমাদের জন্য একটি পুত্র দেওয়া হয়েছে, তার কাঁধের উপর আমাদের রাজকীয় শাসনভার আছে এবং তাঁর নাম হবে আশ্চর্য, পরামর্শদাতা, শক্তিশালী ঈশ্বর, চিরন্তন পিতা, শান্তির রাজকুমার"। যিশাইয় নিশ্চিত ছিলেন যে, ঈশ্বরের প্রতিজ্ঞা সত্যিই হবে। তিনি কথাগুলো এমনভাবে বললেন, যেন ঘটনাটি আগেই ঘটে গেছে। এটাকেই ভাববাণী বলে।

যিশাইয় বললেন যে, মশীহ মহান হবেন ও তিনি মহান কাজ করবেন। ঈশ্বর যিশাইয়কেও বললেন, লোকদের বল যে, মশীহ দুঃখভোগ করবেন ও তাঁকে মৃত্যুবরণ করতে হবে। যিশাইয় হয়তো অবাক হয়ে গিয়েছিল যে, মশীহ কীভাবে মহান ও শক্তিশালী হবে এবং দুর্বল ও আঘাত পাবে। কিন্তু যিশাইয় ঈশ্বরের সাথে তর্ক করেননি। তিনি তাই বললেন, যা ঈশ্বর তাকে বলতে বলেছিলেন। ঈশ্বর তাঁর ভাববাণীকে সত্যিতে পরিণত করবেন।



মশীহ আসছিলেন – শুধু ইহুদি লোকদের জন্য নয়। ঈশ্বর যিশাইয়কে বললেন যে মশীহ “পরজাতির জন্য এক জ্যোতি” হবেন। পরজাতি হল এই পৃথিবীতে সমস্ত লোকেরা, যারা ইহুদি নয়। ঈশ্বর সকলকে প্রেম করেন, আর তাঁর মশীহ সবার জন আশীর্বাদ নিয়ে আসবেন, আর পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত পরিত্রাণ নিয়ে আসবেন।



যিশাইয় ভবিষ্যৎ দেখেন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

যিশাইয় ১, ৬, ৭, ৯, ৫৩

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।"
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬